বেসুর জাতীয় মান চেয়ে কেন্দ্রকে মুখ্যমন্ত্রীর চিঠি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: শিবপুরের বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটিকে (বেসু) অবিলম্বে জাতীয় গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি দেওয়ার দাবি জানিয়ে মঙ্গলবার মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রী অর্জুন সিংকে চিঠি লিখেছেন। মহাকরণ সূত্রে এই খবর জানা গিয়েছে।

এদিন বেসুর ভাবী উপাচার্য অজয়কুমার রায় বলেন, বেসুকে দ্রুত আই আই ই এস টি-তে উন্নীত করাই আমার লক্ষ্য। এই কাজে সফল হব বলেই আশা করি।

বেসুকে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চে (আই আই ই এস টি) উন্নীত করার জন্য এখানকার ছাত্র ও শিক্ষকরা দীর্ঘদিন আন্দোলন করেছেন। আনন্দকৃষ্ণন কমিটি দেশের পাঁচটি নামী শিক্ষা প্রতিষ্ঠানকে এই মানে উন্নীত করার সুপারিশ করে। ওই তালিকায় বেসু ছিল সবার উপরে। বছর দুই আগে কেন্দ্রও কমিটির সুপারিশ মেনে নেয়। কিন্তু রাজ্য তখন আপত্তি তোলে। সংশ্লিষ্ট মহলের আন্দোলন ও সমালোচনার ফলে গত বছর রাজ্যও শেষমেশ বেসুর মর্যাদা বৃদ্ধির দাবি মানতে বাধ্য হয়। কিন্তু এই সময় বেসুতে চলতে থাকে একের পর এক বিশৃঙ্খলার ঘটনা। দেশজুড়ে বেসু চলে আসে খবরের শিরোনামে। এই পরিপ্রেক্ষিতে বেসুর উন্নয়নের সিদ্ধান্ত কেন্দ্রও খারিজ করে দেয়। লোকসভার ভোটের মুখে রাজ্য সরকারের ভাবমূর্তি এতে বেজায় ধাক্কা খেয়েছে।

মহাকরণ সূত্রের খবর, এ জন্যই মুখ্যমন্ত্রী কেন্দ্রকে নতুন করে চিঠি লিখেছেন। সাম্প্রতিক বিশৃঙ্খলার ঘটনায় বেসুর সুনাম হানি হওয়ার জন্য মুখ্যমন্ত্রী ওই চিঠিতে সংবাদ মাধ্যমের একাংশের 'বিদ্রূপ' সংবাদ পরিবেশনকে দায়ী করেছেন। ওইসব খবরে গুরুত্ব না দিয়ে বেসুকে অবিলম্বে কাঙ্ক্ষিত মানে উন্নত করার দাবি জানিয়েছেন মুখ্যমন্ত্রী।